

যোগ্যতা ও অভিজ্ঞতা

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল	যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	কেয়ারটেকার গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি থাকতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সমতুল্য গ্রেড থাকতে হবে। ঘ) বয়সঃ অনূর্ধ্ব ৩০ বছর।
০২।	অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০)	ক) প্রার্থীকে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি. পাশ হতে হবে। খ) বয়স : অনূর্ধ্ব ৩০ বছর।
০৩।	সহকারি বাবুর্চি গ্রেড-২০ (৮২৫০-২০০১০)	ক) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ হতে হবে। খ) বয়সঃ অনূর্ধ্ব ৩০ বছর।
০৪।	নিরাপত্তা প্রহরী কাম পরিচ্ছন্নতা কর্মী গ্রেড-২০ (৮২৫০-২০০১০)	ক) ৮ম শ্রেণী পাশ সহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) বয়স : অনূর্ধ্ব ৩০ বছর।

প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ

- আগ্রহী প্রার্থীদের নির্ধারিত নমুনা ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা <http://www.sau.ac.bd> হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৩ (তিন) প্রস্থ দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে প্রার্থীর বয়সসীমা ৩০ বছর; তবে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অনুযায়ী প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে।
- চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
- প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) রূপালী ব্যাংক লিঃ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- সকল পদের ক্ষেত্রে আবেদনের নিমিত্তে নির্ধারিত ফরম সরাসরি সংগ্রহের জন্য ১০০/- (একশত) টাকা (রূপালী ব্যাংক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০) এর সঞ্চয়ী হিসাব নম্বর ২০৪ এ জমা প্রদানের রশিদ রেজিস্ট্রার অফিসে দাখিল করতে হবে। ডাকযোগে আবেদনপত্র সংগ্রহ করতে হলে রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে রূপালী ব্যাংক লিঃ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ এর সঞ্চয়ী হিসাব নম্বর ২০৪ এর অনুকূলে সকল পদ সমূহের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ ১৫/- (পনের) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেট ও নিজস্ব ঠিকানা সম্বলিত ফেরত খাম পাঠাতে হবে এবং ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের ক্ষেত্রে আলাদাভাবে ১০০/- (একশত) টাকা অতিরিক্ত ব্যাংক ড্রাফট/পে অর্ডার পাঠাতে হবে।
- আবেদনপত্র আগামী ০৫-১০-২০২১ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নান-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ভূয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।
- সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষ শর্ত/বয়সসীমা শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
- নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

BL
২১.০৯.২০২১
রেজিস্ট্রার

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।